গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd



স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১(অংশ-১)-৫২৫ তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

সড়ক নিরাপত্তা বিষয়ে সমন্বিত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের ১০ম, ১৫তম, ২৭তম সভার সিদ্ধান্ত এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৮ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের ০৩.০৪.০০০০.০৬৯.০৬.০০৩.২৬-৬০ সংখ্যক স্মারকের নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশের যে সকল উপজেলার মধ্যে দিয়ে জাতীয় বা আঞ্চলিক মহাসড়ক রয়েছে, সে সব উপজেলার জন্য নিম্নোক্তভাবে 'উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি' পুনর্গঠন করা হলো:

(ক) কমিটি গঠন:

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| (৩) | ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট থানা (পুলিশ স্টেশন) | সদস্য |
| (৪) | ট্রমা কেয়ার সেন্টারের প্রধান (যদি উপজেলা এলাকায় ট্রমা কেয়ার সেন্টার থাকে) | সদস্য |
| (৫) | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর-এর ১জন প্রতিনিধি (উপবিভাগীয় প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| (৬) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| (৭) | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| (৮) | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য |
| (৯) | জাতীয় বা আঞ্চলিক মহাসড়ক বা ঝুঁকিপূর্ণ অন্য কোনো প্রকার সড়ক রয়েছে, এমন ইউনিয়ন পরিষদের সর্বাধিক ১জন চেয়ারম্যান (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১০) | সংশ্লিষ্ট উপজেলার সড়ক পার্শ্বস্থ স্কুল, কলেজ এবং ভকেশনাল ইন্সটিটিউটের ১জন করে সর্বাধিক ১জন প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১১) | **স্থানীয় পর্যায়ের ৩(তিন) জন গণ্যমান্য ব্যক্তি (১ জন নারী প্রতিনিধিসহ)** (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১২) | সড়ক নিরাপত্তা সেক্টরে কাজ করে এমন বেসরকারি সংস্থার ১জন প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৩) | স্থানীয় ব্যাংকের ম্যানেজার/উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (১৪) | বিআরটিএ এর ১জন প্রতিনিধি (মোটরযান পরিদর্শক পদমর্যাদার নিম্নে নয়, সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৫) | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি:

(১) জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের এবং জেলা সড়ক নিরাপত্তা কমিটির নির্দেশাবলী বাস্তবায়ন করা;

(২) সড়ক দুর্ঘটনায় পতিত অজ্ঞাত, অপরিচিত, দাবিদারবিহীন মৃত যাত্রীর লাশ প্রচলিত আইন ও রীতির আলোকে যথাযথ ব্যবস্থাকরণ, তাৎক্ষণিকভাবে তার আত্মীয় স্বজনকে বিষয়টি অবহিতকরণ;

(৩) সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত, জখমপ্রাপ্ত, অচৈতন্য, পঙ্গু, বিভিন্ন জেলার দূর-দূরান্তের যাত্রীদের সঙ্গে সঙ্গে স্থানীয়ভাবে প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের পর উক্ত ব্যক্তির নিজ বাড়িতে প্রেরণের ব্যবস্থাকরণ, নতুবা তাঁর আত্মীয় স্বজনকে বিষয়টি অবহিতকরণ;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(৪) কমিটির সদস্যদের নিকট থেকে প্রতিবেদন সংগ্রহ এবং যাচাই এর মাধ্যমে উপজেলার ঝুঁকিপূর্ণ সড়কের অংশ চিহ্নিতকরণ;

(৫) সামাজিক সচেতন প্রতিনিধি গ্রুপ গঠনে উৎসাহিত করা, সমন্বয় সাধন করা এবং সড়ক নিরাপত্তা বিষয়ে তাদের মতামত সংগ্রহ করা;

(৬) সড়ক নিরাপত্তা বিষয়ক তথ্যাদি সংগ্রহ করা এবং শ্রেণিবদ্ধ করা;

(৭) কমিটির সদস্যদের নিজ নিজ সংস্থার দ্বারা সম্পাদনযোগ্য সড়ক নিরাপত্তা বিষয়ে কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা;

(৮) সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রমের সমন্বয় সাধন করা;

(৯) পরিকল্পিত সড়ক নিরাপত্তা কার্যক্রমের দ্বারা ক্ষতিগ্রস্ত সামাজিক গ্রুপ সনাক্তকরণ এবং তাদের অনুরূপ বিষয় সম্পর্কে অবহিত করা;

(১০) পরিকল্পিত সড়ক নিরাপত্তা উদ্যোগের বিষয়ে বৃহত্তর জনগোষ্ঠীকে অবহিত করা;

(১১) সড়ক ব্যবহারকারী এবং সামাজিক সংগঠনগুলোকে নিরাপদ সড়ক ব্যবহার সম্পর্কিত শিক্ষা প্রদানের বিষয়ে উদ্বুদ্ধ করা এবং সমন্বয় সাধন করা;

(১২) কমিটির সদস্যদের নিকট থেকে ড্রাইভিং লাইসেন্স, যানবাহন নিবন্ধীকরণ, যাচাই এবং ট্রাফিক আইনের প্রয়োগ সংক্রান্ত বিষয়ে রিপোর্ট সংগ্রহ করা; এবং

(১৩) জেলা সড়ক নিরাপত্তা কমিটির নিকট ত্রৈমাসিক রিপোর্ট দাখিল করা।

(গ) কমিটি প্রতি ৩(তিন) মাসে কমপক্ষে একবার এবং প্রয়োজনে জরুরি বিবেচনায় যে কোনো সময় সভা আহ্বান করতে পারবে।

(ঘ) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে সড়ক নিরাপত্তা কাউন্সিল বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে।

(ঙ) কমিটি অনধিক ২(দুই) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। এ বিভাগের গত ০৯-১১-২০২৩ খ্রি. তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১(অংশ-১)-৮০৭ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৪/৯/২০২৬

(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোন ৫৫১০১০৩১
ইমেইল: brta.est.sec@rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১(অংশ-১)-৫২৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিতরণ:(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা
০৪। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)



CamScanner

০৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা
১৪। চেয়ারম্যান, বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
১৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, গুলশান-২, ঢাকা-১২১২
১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা
১৭। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৮। পুলিশ কমিশনার, ..............................................................(সকল)
১৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২০। অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
২১। জেলা প্রশাসক ..............................................................(সকল)
২২। পুলিশ সুপার ..............................................................(সকল)
২৩। হাইওয়ে পুলিশ ..............................................................(সকল)
২৪। পরিচালক, এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বুয়েট, ঢাকা
২৫। উপজেলা নির্বাহী অফিসার.................................................(সকল)
২৬। নির্বাহী প্রকৌশলী/উপবিভাগীয় প্রকৌশলী, সওজ অধিদপ্তর...............................(সংশ্লিষ্ট বিভাগ)
২৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর.............................(সকল)
২৮। জেলা শিক্ষা অফিসার ..............................................................(সকল)
২৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)**
৩০। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর.............................(সকল)
৩১। সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)/মোটরযান পরিদর্শক, বিআরটিএ সার্কেল অফিস..........(সকল)
৩২। নির্বাহী পরিচালক, ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭০ মহাখালী, ঢাকা
৩৩। মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ১১৭ ইউনিক হাইটস, বোরাক টাওয়ার, ইস্কাটন, ঢাকা
৩৪। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮ রাজউক এভিনিউ, ঢাকা

<u>অনুলিপি:</u>

০১। মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়·
০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**



CamScanner